মাননীয়,

ছাগলনাইয়া সহকারী জজ আদালত

জেলা-ফেনী।

দেওয়ানী মামলা নং- ৭৮৯/১৯ইং

নুরুল আমিন গং বনাম শামসুল হক গং

বাদী বিবাদী

বাদী P.W.1 কে দেঃকাঃবিঃ আইনের ১৮অর্ডারের ১৭রুলের

বিধান মতে করার Re-call এর প্রার্থনা।

নিবেদন এই,

উপরোক্ত বন্টনের মোকদ্দমা চলা অবস্থায় বাদীপক্ষ নালিশী ভূমি বাবতে বিবাদী বিরুদ্ধে অস্থায়ী নিষেধাজ্ঞা প্রার্থনা করিলে তদ সংক্রান্ত শো-কজের আদেশ হয় এবং পরবর্তীতে প্রার্থী পক্ষের প্রার্থনা মূলে স্থিতাবস্থার আদেশ হয়। কিন্তু বিবাদীপক্ষ শো-কজের আপত্তি দাখিল করায় তাহা উভয় পক্ষের শুনানীতে ফেনী সদর সিনিয়র সহকারী জজ আদালত ভারপ্রাপ্ত জজ থাকায় তিনি শুনানী নিয়া ঐ দিনই মৌখিক ভাবে অস্থায়ী নিষেধাজ্ঞার বিষয় Rejected বলিয়া দিয়াছেন কোন লিখিত Final আদেশ না দিয়াই। ফলে বিবাদী পক্ষ ঐ দিনই রাত্রে নালিশী ভূমিতে গৃহাদি ও বাউন্ডারী পূর্ব থেকে আরম্ভ করা কাজ তড়িগড়ি করে বাকী কাজ ও করে ফেলে। বাদীপক্ষ তৎপর নালিশী ভূমিতে বিবাদীপক্ষ কি কি কাজ করিয়াছে তৎমর্মে Local Inspection এর প্রার্থনা করায় আদালত এডভোকেট জনাব আবুদল মালেককে কমিশনার নিয়োগ করেন। উক্ত কমিশনার সাহেব যদি ও Inspection এর বিষয় কমিশন কাজ করেন তথাপি ও তিনি Survey জানা এডভোকেট হিসাবে তথায় সরেজমিনে চেইনম্যান সহকারী সহ নিয়া উভয় পক্ষ ও তাহাদের আইনজীবিদের উপস্থিতিতে বাস্তব বিষয় টি জানার জন্য মাপঝোপ করে কমিশনের কাজ করিয়াছেন। কিন্তু কমিশনার সাহেব মাপঝোপ বিষয়ে তাহার রির্পোটে উল্লেখ করেন নাই। কমিশনার সাহেব নালিশী ভূমি স্থাপনাদি তথা সেমি পাকা টিন শেড বিল্ডিং ঘর এবং ৫০৪ দাগের উত্তর দিকে একটি পাকা বাউন্ডারী বিবাদী পক্ষ করেন বলে তাহা উল্লেখ করেন। যেহেতু নালিশী ভূমিতে বিবাদী মামলা চলমান অবস্থায় উক্ত কাজ বে-আইনী ভাবে করেছেন বাদীপক্ষ বন্টনের জন্য তাহা ডিক্রী পাইলে প্রাথমিক ডিক্রী ও ফাইনাল ডিক্রীর পর দেওয়ানী ডিক্রী জারী ক্রমে ঐ স্থাপনাদি ভঙ্গ ক্রমে দখল নেওয়ার বিধান আছে। বিবাদী পক্ষ ঐ রির্পোটের বিরুদ্ধে কোন আপত্তি
দাখিল করে নাই।

বাদী পক্ষের ১নং বাদী P.W.1 হিসাবে জবানবন্দী শেষ হইয়া যাওয়ায় এক্ষনে P.W.1 কে নিম্ম তফছিল বর্নিত বিষয়ে Re-call করা একান্ত আবশ্যক। অন্যথায় সুবিচারে বিঘ্ন ঘটিবে।

অতএব, বাদীপক্ষ হুজুরাদালতে নিম্ম বর্নিত বিষয়ে P.W.1 কে Re-call করার মর্মে আদেশ দানে বাধিত করার মর্জি হয়।

**তফছিল Re-call এর বিষয়**

জিলা-ফেনী, থানা-ছাগলনাইয়া, মৌজে- মটুয়া মধ্যে সাবেক ১নং খাস খতিয়ানের নালিশী ৫০৪ দাগের ৭ ডিং এবং ৫০৫দাগের ১৩ ডিং ভূমি বাবতে বাদী P.W.1 এর জেরা জবানবন্দী জেরা সমাপ্তির পরে কমিশন রির্পোট অনুযায়ী উক্ত স্থাপনা বিবাদী পক্ষ করিয়াছে  তজ্জন্যে P.W.1 কে পুনঃ ঐ কমিশন রির্পোট সম্পর্কিত জবান বন্দী প্রদান করার বিষয়।

সত্যপাঠ

অত্র দরখাস্তের যাবতীয় বিবরণ সত্য

জ্ঞানে নিম্মে নিজ নাম স্বাক্ষর করিলাম।

ইতি তাং-